গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রশাসকের কার্যালয়
উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
www.charrajibpur.kurigram.gov.bd

## বিষয় ঃ উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর জুলাই'২০২৫ খ্রিঃ মাসের সাধারণ সভার কার্যবিবরণী।

**সভাপতি** ঃ জনাব মোঃ ফজলে এলাহী
প্রশাসক (অঃদাঃ), উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম।

**সভার তারিখ** ঃ ১০ জুলাই'২০২৫ খ্রিঃ।

**সভার সময়** ঃ সকাল ১০.০০ ঘটিকা।

**সভার স্থান** ঃ উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর সভা কক্ষ।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যের তালিকা হাজিরা খাতায় সংরক্ষিত।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি উপজেলা প্রকৌশলী-কে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে এজেন্ডা ভিত্তিক আলোচনা শুরু করা হয়।

আলোচ্য সূচী ঃ ১। গত জুন'২০২৫ খ্রিঃ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। বিভিন্ন দপ্তরের বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে আলোচনা।
৩। বিবিধ।

**আলোচনা ও সিদ্ধান্ত** ঃ কোন সংশোধনী/আপত্তি না থাকায় জুন'২০২৫ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | **স্বাস্থ্য বিভাগ** | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা'র প্রতিনিধি, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান রাজিবপুর হাসপাতালে ডাক্তার সংখ্যা বাড়ানোর বিষয়ে সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ বরাবর এবং স্বাস্থ্য কমপ্লেক্সের পুরাতন ভবনটি অত্যন্ত ঝুঁকিপূর্ণ হওয়ায় এ বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তরের প্রকৌশলী বরাবর পত্র পত্র প্রেরণ করার জন্য উপজেলা প্রশাসনকে অনুরোধ করেন। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে স্থাপিত সোলার সিস্টেম মেরামত করা প্রয়োজন। | হাসপাতাল পরিস্কার-পরিচ্ছন্ন রাখা ও নিয়মিত ঔষধ সরবরাহসহ উন্নত চিকিৎসা ব্যবস্থা চালু করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর। |
| ০২ | **পরিবার পরিকল্পনা বিভাগ** | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চর রাজিবপুর সভায় সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ১১ জুলাই বিশ্ব জনসংখ্যা দিবস। ঐ দিন শুক্রবার থাকায় ১৪ জুলাই দিবসটি উদযাপিত হবে। বিগত অর্থ বছরে ঔষদের বরাদ্দ না থাকায় স্যাটেলাইট ক্লিনিকের কার্যক্রম ঠিকমত চালানের সম্ভব হচ্ছে না। উপজেলা পরিবার পরিকল্পনা ভবনটি বর্ষাকালে দেয়াল বেয়ে পানি পড়ে। জরুরী মেরামত করা প্রয়োজন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর, চর কুড়িগ্রাম। |

চলমান পাতা-২

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৩ | **কৃষি বিভাগ** | উপজেলা কৃষি অফিসার, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান প্রনোদনার আওতায় আমন ধান-৭৫০ জন, নারিকেলের চারা ৫০ জন, জাম, কাঁঠাল, নিম বেল-৬০০ জন, তাল-১০০ জন, মরিচ-৫০ জন ও আম-৫০ জন-কে বিতরণ করা হয়েছে। সামনের রোপা আমন মেসৌসুমের জন্য প্রয়োজনীয় সংখ্যক বীজতলা করা হয়েছে। বর্তমানে সারের কোন খাটতি নাই। সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | অনবাদি জায়গায় কৃষি ফসল উৎপাদন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, চর রাজিবপুর। |
| ০৪ | **মৎস্য বিভাগ** | উপজেলা মৎস্য অফিসার, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় উপজেলা মৎস্য বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা মৎস্য অফিসার-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা মৎস্য অফিসার, চর রাজিবপুর |
| ০৫ | **প্রাণিসম্পদ বিভাগ** | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান গবাদি পশু পাখির চিকিৎসা, টিকা এবং কৃত্রিম প্রজনন কার্যক্রম চলমান। ২৯৩০ টি প্রাণীকে ভ্যাকসিন প্রদান করা হয়েছে। ১৫০ টি গরুকে কৃত্রিম প্রজনন করা হয়েছে । চিকিৎসা প্রদান করা হয়েছে-১২০২ টি প্রাণিকে এবং ৫৫১০ টি হাঁস-মুরগী-কে। LSD এবং FMD রোগ সম্পর্কে সচেতনতামূলক কার্যক্রম চলমান। সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | মানসম্মত চিকিৎসা ব্যবস্থা নিশ্চিত করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, চর রাজিবপুর |
| ০৬ | **দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ** | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ২০২৪-২৫ অর্থ বছরে ১০০০ মি. এইচবিবি রাস্তার কাজ সমাপ্ত হয়েছে। ০৩ টি ব্রীজের কাজ চলমান। ০২টি বন্যা আশ্রয় কেন্দ্রের কাজ চলমান। দুর্যোগের আগাম প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। ১০০০ মি. এইচ বিবি রাস্তা করণের চাহিদা/প্রস্তাব পাঠানোর নির্দেশনা পাওয়া গেছে। সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ০৭ | **সমাজসেবা বিভাগ** | উপজেলা সমাজসেবা অফিসার, চর রাজিবপুর, সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ভিক্ষুক পুনর্বাসনের বরাদ্দ পাওয়া গেছে। চেয়ারম্যান মহোদয়ের মাধ্যমে প্রকৃত ভিক্ষুকের নাম পাওয়া গেলে উপজেলা সমাজকল্যাণ পরিষদের মিটিংয়ের মাধ্যমে পুনর্বাসন করা হবে। ২০২৪-২৫ অর্থ বছরের সকল ভাতার ৪র্থ কিস্তির পেরোল প্রদান করা হয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, চর রাজিবপুর |
| ০৮ | **প্রাথমিক শিক্ষা বিভাগ** | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ৩০টি প্রাথমিক বিদ্যালয় মেরামত তালিকা উর্দ্ধতন অফিসে প্রেরণ করা হয়েছে। প্রমাপ অনুযায়ী সরকারী প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন চলমান। প্রতিটি বিদ্যালয়ে ৩য়-৫ম শ্রেণীতে বেইজ লাইন সার্ভে মূল্যায়ণ টুলস চলমান। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর |

চলমান পাতা-৩

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৯ | **মহিলা বিষয়ক অধিদপ্তর** | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা'র প্রতিনিধি, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) কার্যক্রমের আওতায় জুলাই/২৫ হতে জুন/২৭ পর্যন্ত মেয়াদী চর রাজিবপুর উপজেলার ৩টি ইউনিয়নের ছক-২ যাচাই-বাছাই অন্তে আগামী ১৩ জুলাই ২০২৫ তারিখের মধ্যে চূড়ান্ত করার নির্দেশনা পাওয়া গেছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে ভিডব্লিউবি কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১০ | **যুব উন্নয়ন বিভাগ** | উপজেলা যুব উন্নয়ন অফিসার, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ২০২৪-২৫ অর্থ বছরে প্রশিক্ষণ কার্যক্রম সমাপ্ত হয়েছে। ২০২৫-২৬ অর্থ বছরের জন্য প্রশিক্ষণ চাহিদা দেওয়া হয়েছে। বাজেট প্রাপ্তি সাপেক্ষে প্রশিক্ষণ করানো হবে। চলতি মাসে ৪ জন যুবক-কে ৩ মাস মেয়াদী গরু মোটাতাজাকরণ প্রশিক্ষণের জন্য কুড়িগ্রামে প্রেরণ করা হয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর |
| ১১ | **প্রকৌশল বিভাগ** | উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ভোট কেন্দ্রগুলো মেরামত ও সীমানা দেয়া প্রয়োজন।<br>উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, ২০২৫-২৬ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ী মেরামত খাত হতে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের বাউন্ডারী ওয়াল মেরামত ও রংকরণ করা প্রয়োজন। সভার সিদ্ধান্ত মোতাবেক প্রাক্কলন প্রস্তুতপূর্বক পিআইসি কমিটির মাধ্যমে নিম্নবর্ণিত প্রকল্প বাস্তবায়ন করা যেতে পারে।<br>প্রকল্প ঃ<br>০১। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের বাউন্ডারী ওয়াল মেরামত ও রংকরণ (অংশ-০১)-২,০০,০০০/-(দুইলক্ষ) টাকা।<br>০২। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের বাউন্ডারী ওয়াল মেরামত ও রংকরণ (অংশ-০২)-২,০০,০০০/-(দুইলক্ষ) টাকা। সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | ২০২৫-২৬ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে প্রাক্কলন প্রস্তুতপূর্বক উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের বাউন্ডারী ওয়াল মেরামত ও রংকরণ (অংশ-১ ও অংশ-২) কাজ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অঃদাঃ), চর রাজিবপুর<br>০২। উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১২ | **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ** | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশলী দপ্তর, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশলী দপ্তর, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, চর রাজিবপুর। |
| ১৩ | **সমবায় বিভাগ** | উপজেলা সমবায় কর্মকর্তা, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় উপজেলা সমবায় বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা সমবায় কর্মকতা, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা সমবায় কর্মকতা, চর রাজিবপুর |
| ১৪ | **পল্লী উন্নয়ন বিভাগ** | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর |

চলমান পাতা-৪

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১৫ | **পরিবেশ ও বন বিভাগ** | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় উপজেলা পরিবেশ ও বন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন নার্সারী, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন নার্সারী, চর রাজিবপুর |
| ১৬ | **মাধ্যমিক শিক্ষা বিভাগ** | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর |
| ১৭ | **পরিষদের রাজস্ব তহবিল** | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ মোতাবেক ২০২৫-২৬ অর্থ বছরে জুলাই'২০২৫ খ্রিঃ মাসে নিম্নবর্ণিতভাবে খাত ভিত্তিক ও উপখাতে ব্যয় করা প্রয়োজন মর্মে সভায় উপস্থিত উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অঃদাঃ) উপজেলা পরিষদ, চর রাজিবপুর মতামত ব্যক্ত করেন। খাত ভিত্তিক ব্যয় সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।<br>০১। ২০২৪-২৫ অর্থ বছরের উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অব্যয়িত অর্থ উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে জমা প্রদান =৩০,০০,০০০/- (ত্রিশ লক্ষ) টাকা।<br>০২। জুলাই'২০২৫ খ্রিঃ মাসের আপ্যায়ন বাবদ ব্যয় =৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।<br>০৩। জুলাই'২০২৫ খ্রিঃ মাসের অফিস আনুষাঙ্গিক (অপসেট পেপার, টিস্যু বক্স, ভিক্সল, এ্যারোসল, হারপিক, ক্যালকুলেটর, কলম ইত্যাদি) বাবদ ব্যয় =৫,০০০/- (পাঁচ হাজার) টাকা।<br>০৪। জুলাই'২০২৫ খ্রিঃ মাসের অভ্যন্তরীণ যোগাযোগ বৃদ্ধি, বার্তা ও উপাত্তের আদান প্রদানে ইন্টারনেট ব্যবহার বাবদ ব্যয় =১৫,০০০/-(পনের হাজার) টাকা।<br>০৫। জুলাই'২০২৫ খ্রিঃ মাসে ০১ (এক) জন মালি'র দৈনিক মজুরী (৭০০×২২ দিন) =১৫,৪০০/- (পনের হাজার চারশত) টাকা।<br>০৬। জুলাই'২০২৫ খ্রিঃ মাসের ০১ (এক) জন সুইপার'র দৈনিক দৈনিক মজুরী (৭০০×২২ দিন) =১৫,৪০০/- (পনের হাজার চারশত) টাকা।<br>০৭। জুলাই'২০২৫ খ্রিঃ মাসের উপজেলা পরিষদ চত্ত্বরে সার্বিক নিরাপত্তার জন্য নিয়োজিত আনসার-এর বেতন =৮,২৫০/- (আট হাজার দুইশত পঞ্চাশ) টাকা।<br>০৮। জুলাই'২০২৫ খ্রিঃ মাসের উপজেলা পরিষদের জীপ গাড়ির জ্বালানী ব্যয় =২০,০০০/- (বিশ হাজার) টাকা।<br>০৯। জুলাই'২০২৫ খ্রিঃ মাসের পত্রিকা ব্যয় বিল =১,৩৬২/- (একহাজার তিনশত বাষট্টি) টাকা।<br>১০। জুলাই'২০২৫ খ্রিঃ মাসের বর্জ্যব্যবস্থাপনা ব্যয় বিল =৯,৮০০/- (নয় হাজার আটশত) টাকা।<br>১১। জুলাই'২০২৫ খ্রিঃ মাসের উপজেলা পরিষদের হাইকোর্ট ডিভিশন ৯৮৫৬/২০২৫ নং মামলা পরিচালনা ও ডকুমেন্ট প্রস্তুত বাবদ ব্যয় বিল =২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা।<br>১২। ২০২৫-২৬ অর্থ বছরে উপজেলা পরিষদের কর্মচারীদের জুলাই'২০২৫ খ্রিঃ মাসের মূল বেতনের ১০% এর সমপরিমাণ টাকা প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) হিসাবে প্রদান বাবদ ব্যয় =৬,১৩২/- (ছয় হাজার একশত বত্রিশ) টাকা। | ২০২৫-২৬ অর্থ বছরে জুলাই'২০২৫ খ্রিঃ মাসে বর্ণিত খাত ভিত্তিক ও উপখাতে উল্লেখিত টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অঃদাঃ), উপজেলা পরিষদ, চর রাজিবপুর |

চলমান পাতা-৫

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১৮ | **বিবিধ** | | | |
| ১৮ (১) | **রাজিবপুর ইউনিয়ন পরিষদ** | চেয়ারম্যান, রাজিবপুর ইউপি সভায় দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান খাদ্য বান্ধব নতুন নামের ১-৯ নং ওয়ার্ডে কার্ড সংখ্যা ১৪০৬ নির্ধারণ করা হয়েছে। নির্দেশনা মোতাবেক ইউপি সদস্যদের নিয়ে মিটিং করে তালিকা প্রস্তুত করা হচ্ছে। ইউনিয়ন উন্নয়ন সহায়তা তহবিল হতে ১-৯ নয় ওয়ার্ডে স্ট্রীট লাইট স্থাপন করা প্রয়োজন। ১-৯ নং ওয়ার্ডে দুঃস্থদের মাঝে নলকূপ বিতরণ করা প্রয়োজন। ৬নং ওয়ার্ডে মাস্টার পাড়া ও নয়া পাড়া কাঁচা রাস্তাটি পাকা করা প্রয়োজন। ১নং ওয়ার্ডের কাঁচা রাস্তা ও ৯ নং ওয়ার্ডের কাঁচা রাস্তা পাকা করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, রাজিবপুর ইউপি, চর রাজিবপুর |
| ১৮ (২) | **কোদালকাটি ইউনিয়ন পরিষদ** | প্যানেল চেয়ারম্যান, কোদালকাটি ইউপি, চর রাজিবপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান কোদালকাটি ইউনিয়নে ৩নং ওয়ার্ডে নদী ভাঙ্গন রোধ করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। কোদালকাটি ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডের ভাঙ্গা রাস্তা মেরামত করা প্রয়োজন। কোদালকাটি ইউনিয়নের ৬নং ওয়ার্ডে পাকা রাস্তা হতে রফিকুল ইসলাম কমিউনিটি ক্লিনিকে যাওয়ার রাস্তাটি এইচবিবি করা প্রয়োজন। দুলাল মোড় হতে পশ্চিম দিকে কাঁচা রাস্তা মেরামত করে পাকা করা প্রয়োজন। ৬নং ওয়ার্ডে বদির বাড়ীর পার্শ্বে গাইড ওয়াল স্থাপন করা প্রয়োজন। ৬ নং ওয়র্ডে আলীর বাড়ীর পার্শ্বে পানি নিষ্কাশনের জন্য কালভার্ট নির্মাণ করা প্রয়োজন। কোদালকাটি ৬নং ওয়ার্ডে আঃ কুদ্দুস এর বাড়ীর পূর্ব পার্শ্বে রাস্তায় ব্রীজ নির্মাণ করা প্রয়োজন। কোদালকাটি ৭নং ওয়ার্ডে শাহ আলম এর বাড়ী থেকে উত্তর দিকে জাফর মোড় পর্যন্ত কাঁচা রাস্তা পাকা করা প্রয়োজন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, কোদালকাটি ইউপি, চর রাজিবপুর |
| ১৮ (৩) | **মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদ** | চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি, চর রাজিবপুর সভায় দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান মোহনগঞ্জ ইউনিয়নের মোহনগঞ্জ আদর্শ কলেজের দক্ষিণ পার্শ্বে আবু তালেবের বাড়ীর পার্শ্বে ভাঙ্গা রাস্তায় ব্রীজ নির্মাণ করা প্রয়োজন। মদনপাড়া আসাদের বাড়ীর দক্ষিণ পার্শ্বে ভাঙ্গা রাস্তায় ১০ মিটার ব্রীজ এবং দিয়ারার চর আনিছুরের বাড়ী উত্তর পার্শ্বে ভাঙ্গা রাস্তায় ৫ মিটার ব্রীজ নির্মাণ করা আশু প্রয়োজন। রাজিবপুর ঘাট টু মোহনগঞ্জ ইউপি পানি উন্নয়ন বোর্ডের মাধ্যমে বেড়ীবাধ নির্মাণ করা প্রয়োজন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি, চর রাজিবপুর |
| ১৮ (৪) | **উপজেলা খাদ্য অধিদপ্তর** | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান বোরো সংগ্রহ/২৫ সফলভাবে শতভাগ সম্পন্ন হয়েছে। অত্র উপজেলায় আরও অতিরিক্ত ৩০০০ কার্ড বর্ধিত হয়েছে। যা ইউনিয়ন ভিত্তিক বিভাজন করা হয়েছে এবং তালিকা তৈরীর কাজ চলমান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চর রাজিবপুর, কুড়িগ্রাম |

চলমান পাতা-৬

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১৮ (৫) | **উপজেলা রিসোর্স সেন্টার** | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, চর রাজিবপুর সভায় বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান প্রতিমাসে ই-মনিটরিং এর মাধ্যমে পাঁচটি বিদ্যালয় পরিদর্শন করা হয়। বরাদ্দ না থাকায় কোন প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়নি। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, চর রাজিবপুর |
| ১৮ (৬) | **নির্বাচন বিভাগ** | উপজেলা নির্বাচন কর্মকর্তা, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান নতুন ভোটার নির্বাচন কার্যক্রম চলমান। NID সংশোধন ও ভোটার স্থানান্তর কার্যক্রম চলমান। ভোটকেন্দ্রগুলো মেরামত করা প্রয়োজন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১৮ (৭) | **হিসাবরক্ষণ বিভাগ** | উপজেলা হিসাবরক্ষণ অফিসার, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় উপজেলা হিসাবরক্ষণ বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার, চর রাজিবপুর |
| ১৮ (৮) | **তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (আইসিটি শাখা)** | সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর |
| ১৮ (৯) | **আনসার ও ভিডিপি দপ্তর** | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান অত্র উপজেলা আনসার ও ভিডিপি ভবন নির্মাণ করার জন্য ১০ শতাংশ জমি নির্বাচন করা প্রয়োজন। আনসার ও ভিডিপি সদস্য-সদস্যাদের সুখী এর মাধ্যমে টেলি মেডিসিন সেবা দেওয়া হচ্ছে। অস্ত্রবিহীন ভিডিপি মৌলিক প্রশিক্ষণ এর জন্য জনবল বাছাই করা হবে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮(১০) | **পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ** | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১৮(১১) | **পল্লী সঞ্চয় ব্যাংক (আমার বাড়ি আমার খামার প্রকল্প)** | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান। নতুন করে শস্যগোলা ঋণ কার্যক্রম চলমান। ঋণ পরিশোধের সময়কাল ৩ মাস থেকে ৬ মাস বৃদ্ধি করা হয়। নদী ভাঙ্গন এলাকার ১৩/০৫/২০১৫ সালের ঋণ এর সার্ভিস চার্জ মওকুফ করা হয়। মৃত্য সদস্যদের ঋণ মওকুফ করা হয়। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, চর রাজিবপুর |
| ১৮(১২) | **দারিদ্র বিমোচন বিভাগ** | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় দারিদ্র বিমোচন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকতা, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকতা, চর রাজিবপুর |
| ১৮(১৩) | **তথ্য আপা ঃ (২য় পর্যায়)** | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপাঃ, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় উপজেলা তথ্যসেবা অফিসের কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা ঃ (২য় পর্যায়), চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা ঃ (২য় পর্যায়), চর রাজিবপুর |

চলমান পাতা-৭

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১৮(১৪) | **পল্লী বিদ্যুৎ সমিতি** | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি সভায় জানান যে, রাজিবপুর অভিযোগ কেন্দ্রের মাধ্যমে রাজিবপুর উপজেলার প্রায় ১৬,০০০ জন গ্রাহক-কে বিদ্যুৎ সরবরাহ করা হয়। আলোয় গেরিলা টীমের মাধ্যমে ২৪/৭ ঘন্টা বিদ্যুৎ অভিযোগ নিরসন করা হয়। নতুন বিদ্যুৎ সংযোগ, নষ্ট মিটার পরিবর্তন কার্যক্রম চলমান আছে। এ অঞ্চলে উপকেন্দ্র স্থাপিত হলে অত্র অঞ্চলের লো-ভোল্টেজ জনিত সমস্যা সমাধান হবে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করণ ও নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি |

১৮(১৫) (ক) উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অঃদাঃ), উপজেলা পরিষদ, চর রাজিবপুর সভায় জানান যে, ২০২৫-২৬ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে =৫,০০,০০০/-(পাঁচলক্ষ) টাকা ব্যয় করে উপজেলা পরিষদ ভবনে ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে সোলার প্যানেল স্থাপন করা প্রয়োজন। সভার সিদ্ধান্ত মোতাবেক পিআইসি কমিটি/কোটেশন আহবানপূর্বক ২০২৫-২৬ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদ ভবনে সোলার প্যানেল স্থাপন করা যেতে পারে।

(খ) উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অঃদাঃ), উপজেলা পরিষদ, চর রাজিবপুর সভায় আরও জানান যে, ২০২৫-২৬ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে =৩,০০,০০০/-(তিনলক্ষ) টাকা ব্যয় করে উপজেলা পরিষদ ভবন, উপজেলা পরিষদ চত্বর ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপন করা প্রয়োজন। সভার সিদ্ধান্ত মোতাবেক ভাউচারে, পিআইসি কমিটি/কোটেশন আহবানপূর্বক ২০২৫-২৬ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদ ভবন, উপজেলা পরিষদ চত্বর ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপন করা যেতে পারে।

(গ) উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অঃদাঃ), উপজেলা পরিষদ, চর রাজিবপুর সভায় আরও জানান যে, ২০২৫-২৬ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে =৩,০০,০০০/-(তিনলক্ষ) টাকা ব্যয় করে উপজেলা পরিষদের আসবাবপত্র (আলমারী, টেবিল, চেয়ার, টেবিল গ্লাস ইত্যাদি) ক্রয় করা প্রয়োজন। সভার সিদ্ধান্ত মোতাবেক ভাউচারে, পিআইসি কমিটি/কোটেশন আহবানপূর্বক ২০২৫-২৬ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদের আসবাবপত্র ক্রয় করা যেতে পারে।

(ঘ) উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অঃদাঃ), উপজেলা পরিষদ, চর রাজিবপুর সভায় আরও জানান যে, ২০২৫-২৬ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে =৩,০০,০০০/-(তিনলক্ষ) টাকা ব্যয় করে উপজেলা পরিষদের অফিস সরঞ্জামাদি (আইপিএস ও ব্যাটারী, প্রিন্টার, অনারবোর্ড, বৈদ্যুতিক পাখা ইত্যাদি) ক্রয় করা প্রয়োজন। সভার সিদ্ধান্ত মোতাবেক ভাউচারে, পিআইসি কমিটি/কোটেশন আহবানপূর্বক ২০২৫-২৬ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদের অফিস সরঞ্জামাদি ক্রয় করা যেতে পারে। উল্লেখিত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্ন বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ ০১। ২০২৫-২৬ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদ ভবনে ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে সোলার প্যানেল স্থাপনের লক্ষ্যে বিধি মোতাবেক =৫,০০,০০০/- (পাঁচলক্ষ) টাকার মধ্যে ভাউচারের মাধ্যমে/প্রাক্কলন প্রস্তুতপূর্বক কোটেশন আহবান করে সোলার প্যানেল স্থাপন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। ২০২৫-২৬ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদ ভবন, উপজেলা পরিষদ চত্বর ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে ক্লোজসার্কিট ক্যামেরা স্থাপনের লক্ষ্যে বিধি মোতাবেক =৩,০০,০০০/- (তিনলক্ষ) টাকার মধ্যে ভাউচারের মাধ্যমে/প্রাক্কলন প্রস্তুতপূর্বক কোটেশন আহবান করে ক্লোজসার্কিট ক্যামেরা স্থাপন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। ২০২৫-২৬ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে পরিষদের আসবাবপত্র ক্রয়ের লক্ষ্যে বিধি মোতাবেক =৩,০০,০০০/- (তিনলক্ষ) টাকার মধ্যে ভাউচারের মাধ্যমে/প্রাক্কলন প্রস্তুতপূর্বক কোটেশন আহবান করে আসবাবপত্র ক্রয় করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

০৪। ২০২৫-২৬ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে পরিষদের অফিস সরঞ্জামাদি ক্রয়ের লক্ষ্যে বিধি মোতাবেক =৩,০০,০০০/- (তিনলক্ষ) টাকার মধ্যে ভাউচারের মাধ্যমে/প্রাক্কলন প্রস্তুতপূর্বক কোটেশন আহবান করে অফিস সরঞ্জামাদি ক্রয় করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ ১। উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অঃদাঃ), উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।

২। উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর, কুড়িগ্রাম।

চলমান পাতা-৮

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ ফজলে এলাহী)
প্রশাসক (অঃদাঃ)
উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ফোনঃ ০৫৮২৩-৫৬২২২


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
www.charrajibpur.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০৮.০০০.০৩.০৫৯.২৪-৫৫৪

তারিখ ঃ ২৬ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
১০ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'ল ঃ**

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, উপজেলা-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
০৪। উপজেলা ..........................................কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। তাঁকে সভার সিদ্ধান্ত অনুযায়ী তাঁর জন্য প্রযোজ্য অংশটুকুর বাস্তবায়ন প্রতিবেদন আগামী সভার মধ্যেই প্রেরণ করার অনুরোধ করা হলো।
০৫। ........................................................................................ কুড়িগ্রাম।
০৬। সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর, কুড়িগ্রাম (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৭। চেয়ারম্যান, রাজিবপুর/কোদালকাটি/মোহনগঞ্জ ইউ.পি, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৮। অফিস কপি।


(মোঃ ফজলে এলাহী)
উপজেলা নির্বাহী অফিসার
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ফোন ঃ ০৫৮২৩-৫৬০০১
ই-মেইল ঃ unorajibpur@mopa.gov.bd